

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নম্বর: বেশিনিক/পমূপ্র/পঞ্চদশ নি.প/৮২২/২০১৮/৩৫৭


তারিখ: ২৭ এপ্রিল, ২০১৯ খ্রি.

বিষয়: প্রতিবন্ধী পরীক্ষার্থীকে শ্রুতিলেখক দ্বারা পরীক্ষা দেওয়ার অনুমতি প্রসঙ্গে।

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) মোতাবেক শিক্ষক নিবন্ধন পরীক্ষায় আবেদনকারী প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতি লেখক দ্বারা পরীক্ষা গ্রহণ করার বিধান রয়েছে। এক্ষেত্রে শ্রুতি লেখককে (তার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সার্টিফিকেটসহ) উচ্চ মাধ্যমিক পর্যায় বা তার নিম্ন পর্যায়ের শিক্ষার্থী হতে হবে। এতদিন যাবত প্রতিবন্ধী প্রার্থীগণ নিজে শ্রুতি লেখক নির্বাচন করে এনটিআরসিএ দপ্তরে আবেদন করতেন। এখন থেকে প্রার্থীদের নির্বাচিত ব্যক্তিকে শ্রুতি লেখক হিসেবে মনোনয়ন দেয়া হবে না। তৎপরিবর্তে প্রতিবন্ধী প্রার্থীগণ শ্রুতি লেখক মনোনয়নের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর আবেদন করবেন। উপরোল্লিখিত বিধান অনুযায়ী জেলা প্রশাসক তাঁর কার্যালয়ের একজন যোগ্য ব্যক্তিকে শ্রুতি লেখক হিসেবে মনোনয়ন প্রদান করবেন। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক :

জেলা প্রশাসক,
দিনাজপুর/ রংপুর/ বগুড়া/ রাজশাহী/ পাবনা/ কুষ্টিয়া/ যশোর/
খুলনা/ জামালপুর/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/ ঢাকা/ ফরিদপুর/
কুমিল্লা/ নোয়াখালী/ চট্টগ্রাম/ বরিশাল/ পটুয়াখালী/ সিলেট/
রাঙ্গামাটি।


এ বি এম শওকত ইকবাল শাহীন
পরিচালক (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪

অনুলিপি:

১. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ);
২. জেলা শিক্ষা অফিসার,
দিনাজপুর/ রংপুর/ বগুড়া/ রাজশাহী/ পাবনা/ কুষ্টিয়া/ যশোর/ খুলনা/ জামালপুর/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/
ঢাকা/ ফরিদপুর/ কুমিল্লা/ নোয়াখালী/ চট্টগ্রাম/ বরিশাল/ পটুয়াখালী/ সিলেট/ রাঙ্গামাটি;
৩. জনাব
(তাকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।